অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/27/2026 **গভর্নর ক্যাথি হোকল**

প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্রে আচরণগত স্বাস্থ্যসেবার কার্যক্রম সম্প্রসারণে গভর্নর হোকল 10 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন

পাঁচ বছর মেয়াদি ফেডারেল অনুদান গ্রামীণ এলাকাসহ স্বাস্থ্যসেবা পেতে বাধার মুখে থাকা জনগোষ্ঠীর ওপর গুরুত্ব দেবে

কোলাবরেটিভ কেয়ার মডেলটি শারীরিক ও আচরণগত স্বাস্থ্য চ্যালেঞ্জে থাকা হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে কার্যকরভাবে সহায়তা করছে

গভর্নর Hochul (হোকল) আজ ঘোষণা করেছেন যে, জটিল চাহিদাসম্পন্ন ব্যক্তিদের সহায়তা করতে আরো বেশি প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্রে যেন আচরণগত স্বাস্থ্যসেবা পাওয়া যায়, সেজন্য ফেডারেল তহবিল হিসেবে স্টেট 10 মিলিয়ন মার্কিন ডলার পাবে। স্টেট অফিস অব মেন্টাল হেলথ (state Office of Mental Health) পরিচালিত অ্যাডভান্সিং কোলাবরেটিভ কেয়ার ফর এভিডেন্স-বেজড, সাস্টেইনাবল সিস্টেম (Advancing Collaborative Care for Evidence-Based, Sustainable Systems) বা 'ACCESS-NY' ইনিশিয়েটিভ স্টেটজুড়ে আটটি নতুন ফেডারেলি কোয়ালিফাইড হেলথ সেন্টার ও গ্রামীণ হেলথ ক্লিনিকে কোলাবরেটিভ কেয়ার মডেল সম্প্রসারণ করবে।

"শারীরিক স্বাস্থ্য সমস্যায় ভোগা নিউ ইয়র্কবাসীদের অনেক সময়ই আচরণগত স্বাস্থ্যসেবারও প্রয়োজন হয়," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই ইনিশিয়েটিভের তহবিল আরো বেশি সেবাদানকারী প্রতিষ্ঠানকে প্রাথমিক স্বাস্থ্যসেবার মধ্যে এসব সেবা যুক্ত করতে সহায়তা করবে এবং আমাদের স্টেটের কম জনবসতিপূর্ণ এলাকাগুলোতে নিউ ইয়র্কবাসী যেসব বাধার মুখোমুখি হন, তার কিছুটা দূর করবে।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব মেন্টাল হেলথের কমিশনার Dr. Ann Sullivan (ড. অ্যান সুলিভান) বলেন, "শারীরিক ও আচরণগত দুই ধরনের জটিল চাহিদা নিয়ে আসা রোগীদের বেশি সংখ্যায় সেবা দেয় এমন স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলোতে কোলাবরেটিভ কেয়ার সম্প্রসারণ করা মানে পরিচিত পরিবেশে সমন্বিত পদ্ধতিতে মানুষের মানসিক স্বাস্থ্যের যত্ন নেওয়ার একটি মূল্যবান সুযোগ। ACCESS-NY হলো সময়মতো ও সাড়াদানকারী মানসিক স্বাস্থ্য সহায়তা পাওয়া সহজ করার লক্ষ্যে গৃহীত বেশ কয়েকটি প্রচেষ্টার একটি যা স্টেট জুড়ে মানসিক স্বাস্থ্য শক্তিশালী করার প্রতি গভর্নর Hochul (হোকল)-এর প্রতিশ্রুতির প্রতিফলন।"

সাবস্ট্যান্স অ্যাবিউজ অ্যান্ড মেন্টাল হেলথ সার্ভিসেস অ্যাডমিনিস্ট্রেশন (Substance Abuse and Mental Health Services Administration) ACCESS-NY-এর প্রথম দুই বছরের অর্থায়নের জন্য নিউ ইয়র্ককে শুরুতেই 4 মিলিয়ন মার্কিন ডলার দিয়েছে। ফেডারেল সংস্থাটি প্রোগ্রামের শেষ তিন বছরের প্রতিটিতে অতিরিক্ত 2 মিলিয়ন মার্কিন ডলার করে অনুদান দেবে।

ACCESS-NY ইনিশিয়েটিভ এমন আটটি প্রতিষ্ঠানের ওপর গুরুত্ব দেবে, যেখানে জটিল শারীরিক ও আচরণগত স্বাস্থ্য চাহিদাসম্পন্ন রোগীর সংখ্যা অনুপাতে অনেক বেশি। এই প্রোগ্রামের মাধ্যমে মোটামুটি 1,750 জন ব্যক্তি চিকিৎসা পাবেন বলে আশা করা হচ্ছে, যাদের বয়স 6 বছর বা তার বেশি এবং যারা দীর্ঘস্থায়ী শারীরিক স্বাস্থ্য সমস্যার পাশাপাশি মানসিক স্বাস্থ্য বা মাদক ব্যবহারজনিত সমস্যায় ভুগছেন।

ACCESS-NY প্রাথমিক স্বাস্থ্যসেবা ও কমিউনিটি মানসিক স্বাস্থ্য কেন্দ্রের মধ্যে অংশীদারত্বও গড়ে তুলবে যা আরো শক্তিশালী নেটওয়ার্ক তৈরি করবে এবং সাধারণ শারীরিক স্বাস্থ্য সমস্যা শনাক্ত ও ব্যবস্থাপনায় সহায়তা করার জন্য প্রশিক্ষণ দেবে। এই তহবিল ইলেকট্রনিক স্বাস্থ্য রেকর্ডের সঙ্গে যুক্ত প্রযুক্তিতে সহায়তা করবে যা কার্যক্ষমতা বাড়াবে এবং প্রাথমিক স্বাস্থ্যসেবা দলগুলোকে ক্লিনিক্যাল সিদ্ধান্ত নিতে সহায়তা দেবে।

এছাড়া, উচ্চমানের সমন্বিত সেবা আরো ব্যাপকভাবে সহজলভ্য করতে তৈরি নতুন অনলাইন প্রশিক্ষণের মাধ্যমে এই তহবিল জনবল-সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলায় সহায়তা করবে। এই ইনিশিয়েটিভ প্রয়োজনীয় ভূমিকায় অ-প্রথাগত সেবাদাতাদের যুক্ত করার উপায়ও খতিয়ে দেখবে, যার মধ্যে রয়েছেন নিউ ইয়র্কের সনদপ্রাপ্ত মানসিক স্বাস্থ্য সহায়তা বিশেষজ্ঞ ও রেজিস্টার্ড নার্স।

কোলাবরেটিভ কেয়ার মডেলে প্রাথমিক স্বাস্থ্যসেবা দলে একজন মনোরোগ পরামর্শক এবং একজন আচরণগত স্বাস্থ্যসেবা ব্যবস্থাপক যুক্ত থাকেন, যারা প্রমাণভিত্তিক চিকিৎসা দেন এবং ওষুধ ব্যবস্থাপনায় সহায়তা করেন। 2012 সালে নিউ ইয়র্ক স্টেটে প্রথম চালু হওয়ার পর থেকে কোলাবরেটিভ কেয়ার মডেলের সহায়তা স্টেটজুড়ে 450-এরও বেশি শারীরিক স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে সম্প্রসারিত হয়েছে।

স্টেট সিনেটর Gustavo Rivera (গুস্তাভো রিভেরা) বলেন, "জটিল চাহিদাসম্পন্ন নিউ ইয়র্কবাসীর জন্য আমাদের স্টেটের সবচেয়ে কম স্বাস্থ্যসেবা পাওয়া কিছু এলাকায় আচরণগত স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ বাড়াতে এই 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে অভিনন্দন জানাই। ACCESS-NY ইনিশিয়েটিভের মাধ্যমে আমরা প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানকারী ও মানসিক স্বাস্থ্য বিষয়ক পেশাজীবীদের মধ্যে অংশীদারত্ব জোরদার করছি, সেবাদানকারী দলগুলোকে প্রয়োজনীয় সরঞ্জাম ও প্রশিক্ষণ দিচ্ছি এবং নিশ্চিত করছি যে আরো বেশি মানুষ তাদের নিজ নিজ এলাকাতেই পূর্ণাঙ্গ ও সমন্বিত সেবা পেতে পারেন।"

স্টেট সিনেটর Samra Brouk (সামরা ব্রুক) বলেন, "সিনেট মেন্টাল হেলথ কমিটির সভাপতি হিসেবে আমি জানি, প্রত্যেক নিউ ইয়র্কবাসীর আচরণগত স্বাস্থ্যসেবা পাওয়া দরকার। গ্রামীণ এলাকায় যারা থাকেন — স্টেটের জনসংখ্যার 17%-এরও বেশি — তারা প্রায়ই মানসিক স্বাস্থ্যসেবা পেতে বাধার মুখে পড়েন। কোলাবরেটিভ কেয়ার মডেল সম্প্রসারণ এবং মানসম্মত

মানসিক স্বাস্থ্যসেবা দেওয়া গ্রামীণ সেবাদাতা ও কমিউনিটিভিত্তিক বিশেষজ্ঞদের মধ্যে বিনিয়োগ করার এই তহবিলকে আমি স্বাগত জানাই।"

অ্যাসেম্বলিমেম্বার Jo Anne Simon (জো অ্যান সাইমন) বলেন, "আচরণগত স্বাস্থ্য শারীরিক স্বাস্থ্য থেকে আলাদা নয়, কিন্তু আমাদের সমাজ দীর্ঘদিন ধরে এগুলোকে আলাদা হিসেবেই দেখে এসেছে। প্রাথমিক স্বাস্থ্যসেবার মধ্যে আচরণগত স্বাস্থ্যসেবা যুক্ত করলে জটিল চাহিদাসম্পন্ন ব্যক্তিরা সমন্বিত সেবা পাবেন এবং সেবাদাতারাও রোগীদের আরো ভালোভাবে সহায়তা করার প্রশিক্ষণ পাবেন। গভর্নর Hochul (হোকল), স্টেটজুড়ে মানসিক স্বাস্থ্যসেবা শক্তিশালী করার প্রতি আপনার প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।